কিন্তু খর্ব্বাকৃতি জন্য অল্প বোধ হয়, গৌরাঙ্গ, কৃশ, সংস্কৃত কালেজ হইতে প্রেসিডেন্সি কালেজে অধ্যয়নে প্রবৃত্ত হইয়াছিল যে কেহ তাহার অনুসন্ধান করত ধৃত করিতে পারেন, প্রভাকর যন্ত্রালয় অথবা নরমেল স্কুলে আমার নিকট সংবাদ দিলে তাঁহার নিকট যথোচিত বাধিত উপকৃত হইব। শ্রীরামকমল ভট্টাচার্য। নরমেল স্কুলের প্রধান শিক্ষক ( 'সংবাদ প্রভাকর,' ২০ এপ্রিল ১৮৫৮, ৮ বৈশাখ ১২৬৫ )

**ডভ্‌টন কলেজ**ঃ তখনও এফ. এ. পরীক্ষা প্রবর্ত্তিত হয় নাই। কৃষ্ণকমল কয়েকমাস ডভ্‌টন কলেজে ( ভূতপূর্ব্ব 'পেরেণ্টেল একাডেমি' ) পড়িয়া, গৃহে বসিয়াই বি. এ. পরীক্ষার জন্য প্রস্তুত হইতে লাগিলেন। ১৮৬০ খ্রীষ্টাব্দে তিনি দ্বিতীয় বিভাগে বি. এ. পরীক্ষায় উত্তীর্ণ হন।

"আমি প্রেসিডেন্সি কলেজে এক বৎসর অধ্যয়ন করিয়া কয়েক মাস ডভ্‌টন কলেজে পড়িয়াছিলাম।...

কলেজে অধ্যয়ন না করিয়া আমি এন্‌ট্রান্স পাসের দুই আড়াই বৎসরের মধ্যে ঘরে পড়িয়া বি.এ. পাস দিয়াছিলাম... ।" ('পুরাতন প্রসঙ্গ,' ১ম পর্য্যায়, পৃ. ১০৩, ১১৯)

## অধ্যাপনা, ওকালতি

**খানাকুল কৃষ্ণনগরে শিক্ষকতা**ঃ ১৮৫৯ খ্রীষ্টাব্দের শেষ ভাগে কৃষ্ণকমল খানাকুল কৃষ্ণনগরস্থ সংস্কৃত-ইংরেজী বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ লাভ করেন। বিদ্যালয়টি যদুনাথ সর্ব্বাধিকারীর বাটীতে অবস্থিত ছিল। ২৬ মে ১৮৬০ তারিখে বিদ্যালয়ের পারিতোষিক বিতরণ উপলক্ষে বক্তৃতায় প্রসন্নকুমার সর্ব্বাধিকারী বলেন :—

...আমাদের এই বিদ্যালয়ে কেবল ইংরেজী ভাষার চর্চ্চা না হইয়া ইংরেজী সংস্কৃত ও বাঙ্গালা তিন ভাষারই শিক্ষা হইয়া

সাপ্তাহিক সংবাদ।—প্রেসিডেন্সি কলেজের সংস্কৃত অধ্যাপক বাবু কৃষ্ণকমল ভট্টাচার্য্য কর্ম্মে জবাব দিয়াছেন। তিনি হাইকোর্টে ওকালতি করিবেন। প্রেসিডেন্সির ন্যায় সর্ব্বপ্রধান কলেজের সংস্কৃতের অধ্যাপকের পদ শিক্ষা বিভাগের গ্রেডভুক্ত না হওয়া উক্ত বাবুর পদত্যাগের কারণ।

**ওকালতি ঃ** কৃষ্ণকমল ১৮৭২ সনের জানুয়ারি মাসে প্রেসিডেন্সি কলেজ হইতে বি. এল. পরীক্ষায় উত্তীর্ণ হইয়া, ২য় বিভাগে ৪র্থ স্থান অধিকার করিয়াছিলেন। অধ্যাপকের পদ পরিত্যাগ করিয়া তিনি হাইকোর্টে, এবং তৎপর হাওড়া-কোর্টে কয়েক বৎসর ওকালতি করিয়াছিলেন।

**ঠাকুর-আইন-অধ্যাপক ঃ** ১৮৮৪ খ্রীষ্টাব্দে কলিকাতা বিশ্ব-বিদ্যালয় কর্তৃক 'ঠাকুর-আইন-অধ্যাপক ( Tagore Law Lecturer ) পদে নিযুক্ত হইয়া হিন্দু একান্নবর্ত্তী পরিবার সম্বন্ধে বক্তৃতা দিয়াছিলেন ইহার পারিশ্রমিক-স্বরূপ তিনি প্রায় দশ হাজার টাকা পাইয়াছিলেন।

**রিপন কলেজের অধ্যক্ষ ঃ** ১৮৯১ খ্রীষ্টাব্দে কৃষ্ণকমল রিপন কলেজের প্রিন্সিপ্যাল নিযুক্ত হন। তিনি ১৯০৩ খ্রীষ্টাব্দ পর্য্যন্ত অধ্যক্ষতা করিয়া অবসর গ্রহণ করেন।

## সাহিত্যানুরাগ

**বিদ্যোৎসাহিনী সভা ঃ** কৃষ্ণকমল অল্প বয়স হইতেই মাতৃভাষার প্রতি অনুরাগী ছিলেন। তিনি পঠদ্দশায় কালীপ্রসন্ন সিংহের বিদ্যোৎসাহিনী সভায় প্রবন্ধাদি পাঠ করিতেন ঃ—

বন্দ্যোপাধ্যায়ের একটি বিশিষ্ট স্থান ছিল। কিন্তু যাঁহারা পরবর্তী কালে এই সকল বিষয়েও এই যুগের ইতিহাস লিখিয়াছেন, তাঁহাদের নিকট ভবানীচরণ তাঁহার প্রাপ্য সম্মান লাভ করেন নাই। এক শত বৎসর হইতে-না হইতেই আমরা তাঁহার কথা প্রায় বিস্মৃত হইয়াছি। সুতরাং বাংলা কথা সাহিত্যের প্রথম প্রবর্তক, সাহিত্যিক ভবানীচরণের জীবনকাহিনী বিবৃত করিবার সার্থকতা আছে।

## বাল্য-জীবন

ভবানীচরণের মৃত্যুর অব্যবহিত পরে, তাঁহার পুত্র ধর্মসভা-সম্পাদক রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়ের তত্ত্বাবধানে ধর্মসভা হইতে একখানি জীবনচরিত প্রচারিত হয়।* ভবানীচরণের জীবনী সঙ্কলনে ইহাই আমাদের প্রধান উপজীব্য। ইহাতে প্রকাশ :—

…"পরগণা উখ্ড়ার অন্তঃপাতি নারায়ণপুর নিবাসী ৺রামজয় বন্দ্যোপাধ্যায় মহাশয় ধনেপার্জ্জনাভিলাষে কলিকাতা নগরে সমাগত হইয়া প্রথমত টাকশালের পদবিশেষে নিযুক্ত থাকিয়া অল্পকাল মধ্যে স্বকীয় সদ্ব্যবহার ও শীলতা সাধুতায় সকলের নিকট গণ্য মান্য পূজ্য হইলেন।

* এই জীবনচরিতখানির নাম 'ধর্মসভার অতীত সম্পাদক ৺বাবু ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের জীবনচরিত দৃষ্টশ্রুত পবিত্র চরিত্র বিবরণ,' পৃষ্ঠা-সংখ্যা ৪০। ইহা ১৮৪৯ খ্রীষ্টাব্দের গোড়ায় প্রকাশিত হয়; ১৪ এপ্রিল ১৮৪৯ তারিখে 'সম্বাদ ভাস্কর' লেখেন :—"গত বৃহস্পতিবাসরীয়া চন্দ্রিকার সহিত আমারদিগের নিকট এক পুস্তক আসিয়াছে,… তাহাতে ৺বাবু ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের জীবন বৃত্তান্ত লিখিত হইয়াছে,…।"

ডাইলি সাহেবের নিকট কলিকাতা পরমিটের দারোগাগিরি কর্মে নিযুক্ত হইয়া কার্য দ্বারা সরকার বাহাদুরের অনেক২ লাভের সোপান দর্শন করাইলে সাহেব তৎপ্রতি প্রীত হইয়া তাঁহাকে প্রধান কলকিউলেটরের কর্মে নিযুক্ত করিলেন, কালক্রমে ঐ সাহেবের পাটনা গমন ও ক্যার সাহেবের বিলাত হইতে প্রত্যাগমন প্রযুক্ত পরমিটের কর্ম পরিত্যাগ পূর্বক উক্ত সাহেবের নিজকার্য করিতে লাগিলেন, তৎপরে দ্বিতীয়বার ঐ সাহেব বিলাতগামী হইলে তিনি বিশাপ মিডিলটন সাহেবের কর্মে প্রবৃত্ত হন, পরে সুপ্রিম কোর্টের চিফ জুষ্টিস সর হেনিরি ব্লাপেট সাহেবর নিজের মুৎসদ্দি হইলেন. এক দিবস লার্ড বিশাপ হিবর সাহেব তাঁহার কার্যদক্ষতা নির্লোভিতা সত্যবাদিত্বাদি সদ্গুণের কথা শ্রবণ করিয়া আহ্বান পূর্বক নিজ কার্যে নিযুক্ত করেন, এবম্প্রকারে কিছুকাল গত হইলে সর ক্রাইষ্টফর পুলর সাহেব চিফ জুষ্টিসীপদে অভিষিক্ত হইয়া প্রসঙ্গায়ত্ত তাঁহার গুণানুরাগ শ্রবণে গুণগ্রাহী সাহেব লার্ড বিশাপ সাহেবকে অনুরোধ করিয়া তাঁহাকে আনয়ন করত নিজ কার্যের ভারার্পণ করিলেন. তাহাতে তাঁহাকে কিয়ৎকালের জন্য উভয় স্থানীয় কার্য নির্বাহ করিতে হইয়াছিল, কয়েক মাস পরে চিফ জুষ্টীস সাহেব লোকান্তরিত হইলে তিনি কেবল লার্ড বিশাপের কর্ম নির্বাহ করিতে লাগিলেন, ঐ কালে উক্ত সাহেব বিশাপ্‌স কালেজ নামক বৃহদ্বিদ্যালয় স্থাপন করিয়া তদধ্যক্ষতা পদে তাঁহাকে অভিষিক্ত করিলেন, কতক কাল ঐ কার্য করিয়া পরে শোলা দানার নিমক এজণ্ট মেং জিনিং সাহেবের অধীনে শোলা দানার মধ্য ডিবিজনের সিরিস্তাদারী পদে নিযুক্ত হন [জানুয়ারী ১৮২৬], কালক্রমে তথাকার বায়ুবারি তৎসম্বন্ধে স্বাস্থ্যকারি না হওয়াতে তিনি বাটী আইসেন, পরে ঐ কাছারি এবালিস হইলে কিছু কালের জন্য হুগলির

ওল্‌ড বেঙ্গালের যথার্থ চিত্র বিচিত্রিত হইয়াছে,···।—'বাঙ্গালা কবিতা বিষয়ক প্রবন্ধ' (১৮৫২), পৃ. ৪৭।

৬। **শ্রীশ্রীগয়াতীর্থ বিস্তার।** ইং ১৮৩১।

এই পুস্তকের প্রথম সংস্করণ ১২৩৮ সালে (ইং ১৮৩১) এবং দ্বিতীয় সংস্করণ ১৮৪৩ খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়। 'সমাচার চন্দ্রিকা' হইতে দুইটি অংশ উদ্ধৃত করিতেছি; তাহা হইতে উভয় সংস্করণের প্রকাশকাল জানা যাইবে:—

> শ্রীশ্রী৺গয়াতীর্থ বিস্তার গ্রন্থ পদ্য পয়ার ভাষায় সর্ব্বসাধারণের মনোরঞ্জক হইয়াছে যেহেতু পুরাণাদিতে সকলি আছে বটে কিন্তু শূদ্রাদির সকল পাঠ্য নহে।—কস্যচিৎ চন্দ্রিকাপাঠকস্য।···৩ বৈশাখ।—'সমাচার চন্দ্রিকা,' ২২ এপ্রিল ১৮৩১।
>
> শ্রীশ্রীগয়াতীর্থ বিস্তার। পাঠকবর্গের স্মরণ থাকিতে পারে গত ১২৩৮ সালে আমরা গয়াতীর্থ বিস্তার নামক একখানি ক্ষুদ্র বহি রচনা পূর্ব্বক মুদ্রিত করিয়া চন্দ্রিকা গ্রাহকগণের পারিতোষিক প্রদান করিয়াছি এক্ষণে সেই গ্রন্থ এ যন্ত্রালয়ে আর না থাকাতে কোন ২ ব্যক্তির অনুরোধ রক্ষা করিতে পারি নাই তজ্জন্য পুনর্ব্বার ঐ পুস্তক মুদ্রাঙ্কিত করা গেল···। বায়ুপুরাণের সহিত ঐক্য করিয়া স্থান প্রত্যক্ষ করত গৌড়ীয় সাধুভাষায় পয়ারছন্দে রচনা করা গিয়াছে তাহা তদ্ধামগামিদিগের উপকারজনক বটে।—'সমাচার চন্দ্রিকা,' ৭ ডিসেম্বর ১৮৪৩।

৭। **আশ্চর্য উপাখ্যান।** ইং ১৮৩৫। পৃ. ২০।

> আশ্চর্য উপাখ্যান অর্থাৎ মুক্ত কালীশঙ্কর রায়ের বিবরণ। কমতাদিকীর্তিকৃত্য ইহাতে বর্ণন॥ কলিকাতা নগরে সমাচার-চন্দ্রিকা যন্ত্রে মুদ্রিত হইল। ১ চৈত্র ১২৪১ সাল।

# ফোর্ট উইলিয়ম কলেজে পণ্ডিতী

রামরাম বসুর জীবনের এক নূতন অধ্যায় আরম্ভ হইল। ঈস্ট ইণ্ডিয়া কোম্পানী যে-সকল ইংরেজ সিবিলিয়ান এদেশে পাঠাইতেন, তাহাদিগকে কর্ম্মক্ষেত্রে প্রবেশ করিতে দিবার পূর্ব্বে দেশীয় ভাষা শিক্ষা দেওয়া যে অবশ্যপ্রয়োজন, তখনকার গবর্নর-জেনারেল লর্ড ওয়েলেস্‌লি ইহা বিশেষভাবে উপলব্ধি করিয়াছিলেন। এই উদ্দেশ্যে তিনি ১৮০০ খ্রীষ্টাব্দের শেষের দিকে কলিকাতায় ফোর্ট উইলিয়ম কলেজের প্রতিষ্ঠা করেন। ৪ মে ১৮০১ তারিখে কলেজ-কাউন্সিলের অধিবেশনে এই কলেজের বিভিন্ন বিভাগে পণ্ডিত মৌলবী প্রভৃতির নিয়োগ মঞ্জুর হয়। বাংলা-বিভাগের অধ্যক্ষ নিযুক্ত হন—পাদরি উইলিয়ম কেরী। তাঁহার অধীনে মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার প্রধান পণ্ডিতের পদে এবং রামনাথ বিদ্যাবাচস্পতি দ্বিতীয় পণ্ডিতের পদে যথাক্রমে দুই শত ও এক শত টাকা বেতনে প্রবিষ্ট হন। ইহা ছাড়া মাসিক ৪০৲ বেতনে আরও ছয় জন সহকারী পণ্ডিত নিযুক্ত হইয়াছিলেন। রামরাম বসু ইঁহাদের মধ্যে এক জন। অন্য পাঁচ জন পণ্ডিতের নাম :—শ্রীপতি [ রায় ], আনন্দচন্দ্র, রাজীবলোচন [ মুখোপাধ্যায় ], কাশীনাথ [ মুখোপাধ্যায় ], পদ্মলোচন* [ চূড়ামণি ] †

* পদ্মলোচন চূড়ামণির নিবাস নবদ্বীপে। ইনিই জন্ টমাসের সংস্কৃত-শিক্ষক। কেরী কিছু দিন টমাসের সহিত কাটাইয়াছিলেন, কাজেই পণ্ডিত পদ্মলোচনের সহিত তাঁহারও পরিচয় ছিল।—*The Life of John Thomas*, pp. 188, 248, 276, 313, 373.

† Proceedings of the College of Fort William. *Home* Mis. Vol. No. 559, p 5.

'সম্বাদ ভাস্কর' প্রথমাবস্থায় আশুতোষ দেবের ( ছাতুবাবুর ) বাটীতে ভাস্কর যন্ত্রে মুদ্রিত হইত। ১৮৪৮ খ্রীষ্টাব্দের ১৪ই জানুয়ারি হইতে ইহা শোভাবাজার বালাখানার বাগানে গৌরীশঙ্করের নিজ ভবনে মুদ্রিত হইতে থাকে। 'সম্বাদ ভাস্কর' প্রথমে সাপ্তাহিক পত্ররূপে প্রতি মঙ্গলবারে, ১৪ জানুয়ারি ১৮৪৮ হইতে অর্দ্ধ-সাপ্তাহিকরূপে প্রতি মঙ্গল ও শুক্রবারে, এবং ১২ এপ্রিল ১৮৪৯ হইতে প্রতি মঙ্গল, বৃহস্পতি ও শনিবারে প্রকাশিত হইত।

শোভাবাজারের কমলকৃষ্ণ বাহাদুর 'সম্বাদ ভাস্করে'র সহিত বিশেষভাবে সংশ্লিষ্ট ছিলেন। তিনি প্রায়ই ইহাতে লিখিতেন।

১৭ আগষ্ট ১৮৫৪ তারিখের 'সম্বাদ ভাস্করে' গৌরীশঙ্কর লেখেন :—

> যাঁহারা সমাচার পত্র লিখে যোগ্য পাত্র হইয়াছেন তাঁহারা প্রায় সকলেই এদেশের মান্যবর বংশধর, আমার পীড়া সময়ে তাঁহার দিগের মধ্যে অনেকে ভাস্করোদর পরিপূর্ণ করিয়াছেন আমি বোধকরি বিদেশীয় পাঠকমহাশয়েরা বান্ধবগণের লেখা আমার লেখা নয় এমত বিবেচনা করিতে পারেন নাই, বিশেষতঃ শ্রীযুক্ত যুবরাজ কমলকৃষ্ণ বাহাদুর গৌড়ীয় ভাষায় সমাচার পত্র সম্পাদনে এমত সুশিক্ষিত হইয়াছেন রাজা রামমোহন রায় যদ্যপী জীবিত থাকিতেন তবে উক্ত রাজা বাহাদুরের লেখা দেখিয়া অসীম ধন্যবাদ দিতেন,...এই ধনেশ্বর যুবরাজ বাহাদুরও আমার শয়নাবস্থায় আমাকে ঔষধ পথ্য দিয়াছেন এবং ভাস্কর পত্র লিখিয়াছেন।

'ভদ্রার্জুন' নাটক-প্রণেতা তারাচরণ শীকদার 'সম্বাদ ভাস্করে'র সম্পাদকীয় বিভাগের সহিত যুক্ত ছিলেন, "যিনি আমারদিগের যন্ত্রালয়ে বঙ্গভাষায় ইংরাজীর অনুবাদ করিতেন।"

মহাশয় তদ্বিষয়ে পরিশ্রম স্বীকারে বিরতি অবলম্বন করাতে তাঁহাদের বাসনা পূর্ণ হইতে পারে নাই এক্ষণে সম্পাদক মহাশয় উক্ত গ্রন্থের অপরার্দ্ধ অনুবাদ করিয়া সমুদায় একত্র মুদ্রিতানন্তর প্রকাশ করাতে সকলের মনোভিলাষ পূর্ণ করিতে পারিবেন।...

৩। **জ্ঞানপ্রদীপ :**—১ম খণ্ড। "বালকদিগের শিক্ষার্থ বিবিধ বিষয়ক প্রস্তাব ও দৃষ্টান্ত সকল।"

১ম খণ্ড। প্রকাশকাল—২০ আষাঢ়, ১২৪৭ (জুলাই ১৮৪০)।

২য় খণ্ড। প্রকাশকাল—১৬ মাঘ ১২৫৯ (জানুয়ারি ১৮৫৩)।

৪। **ভুগোলসার**—পৃথিবীর আকার ও বিবরণাদি নিরূপক নানা গ্রন্থ হইতে সংক্ষেপ সংগ্রহ। ২৫ কার্ত্তিক ১২৬০ (৯ নবেম্বর ১৮৫৩)।

৫। **নীতিরত্ন**। ১১ জুন ১৮৫৪ (৩০ জ্যৈষ্ঠ ১২৬১) পৃ. ৯৬।

"নীতি শিক্ষা বিষয়ে বঙ্গভাষায় উৎকৃষ্ট পুস্তক প্রস্তুত হয় নাই এই কথা বলিয়া অনেকে আক্ষেপ করেন, আমি বহু বিদ্যালয়ের ছাত্রেরদের বঙ্গভাষা শিক্ষার পরীক্ষা করিয়াছি তাহাতে নীতিজ্ঞান বিষয়ে বালকেরা চাণক্য শ্লোক আর হিতোপদেশের দশ কিম্বা পঞ্চদশ পত্র মাত্রে পরীক্ষা দানে সক্ষম হইয়াছে কিন্তু বঙ্গদেশীয় লোকেরা বঙ্গভাষা শিক্ষালয়ে বালকগণকে অধিক দিন রাখেন না, বালকেরা অল্পকাল মধ্যে হিতোপদেশের অর্দ্ধাংশও পড়িতে পারে না, যাহা দেখে তাহাতে কাক, কচ্ছপ, শৃগাল ও কপোত ও মূষিকাদির কথোপকথনই অধিক তাহাতে নীতিজ্ঞানের কি উপদেশ হইবে অতএব রামায়ণ পুরাণ মহাভারত হিতোপদেশ চাণক্যাদি নানা গ্রন্থে নীতি

বিষয়ক যে সকল শ্লোক দৃষ্ট হইল আমি তাহার মধ্য হইতে বাছনী করিয়া সার২ শ্লোক সকল লিখিয়াছি এবং আপনি ভাষা কবিতায় তাহার অর্থ করিয়াছি, কবিতা সকল অতি কোমল সাধু শব্দে লিখিত হইয়াছে, বালক বৃদ্ধ স্ত্রীলোকাদি সকলের পাঠযোগ্য হইবে, এই নীতিরত্ন যিনি পাঠ করিবেন তিনি সভ্য, নীতিকুশল, দাতা, ধার্ম্মিক ও জ্ঞানী হইবেন, সর্ব্ব জাতীয় সর্ব্ব সাধারণ মনুষ্যেরা নীতিরত্ন পাঠ করিলেই বুঝিতে পারিবেন গৃহে বসিয়া মহারত্ন পাইলেন, যদি বিদ্যারত্ন মহাধন হয় তবে নীতিরত্ন বিদ্যারত্নের অনুকূল হইয়াছে ইহাতে সন্দেহ নাই অথচ মূল্য অর্দ্ধ মুদ্রা অতএব আমি অনুরোধ করি সর্ব্বসাধারণ লোকেরা নীতিরত্ন পাঠ করিয়া নীতিরত্ন হউন।" (ভূমিকা)

৬। **মহাভারত,** ২য় খণ্ড। "উদ্যোগ পর্ব্বাবধি স্বর্গারোহণ পর্ব্ব পর্য্যন্ত। বঙ্গ ভাষা পদ্য কাশীদাস রচিত। শ্রীগৌরীশঙ্কর ভট্টাচার্য্য সংশোধিত।...সন ১২৬২ সাল পৌষ।"

"আমরা যখন এই মহাভারত সংশোধন করি তখন ভাস্করে লিখিয়াছিলাম বহু ব্যয়ে নানা স্থান হইতে কাশীরাম দাসের সময়ের লিখিত পুস্তক আনাইয়া বাজারে প্রচলিত* কাশীদাসি মহাভারত সংশোধন করিতেছি, অতি শীঘ্র তাহা মুদ্রাঙ্কিত করিব, কাশীরাম দাস

---

* কাশীদাসী মহাভারতের বটতলা-সংস্করণ কবে প্রথম মুদ্রিত হয়, ৭ জানুয়ারী ১৮৫৪ তারিখের 'সম্বাদ ভাস্করে' মুদ্রিত এই বিজ্ঞাপন হইতে তাহার আভাস পাওয়া যাইবে :—

"কাশীদাসি মহাভারত।—কলিকাতা নগরীয় শোভাবাজার বটতলা স্থানীয় প্রসিদ্ধ পুস্তক বিক্রয়কারি শ্রীযুত বাবু মধুসূদন শীল কাশীদাসি মহাভারত মুদ্রাঙ্কিত করিয়াছেন, শ্রীরামপুরীয় পাদরি শ্রীযুত মার্স্যমেন সাহেবের মহাভারত ছাপার পরে এই ছাপা হইল,..."

# বাল্য-জীবন

১২২৬ সালের বৈশাখ ( ১৮১৯, এপ্রিল ) মাসে* কলিকাতার ৫ ক্রোশ দক্ষিণ পূর্ব্বে চাংড়িপোতা গ্রামে দ্বারকানাথের জন্ম হয়। তাঁহার পিতার নাম—হরচন্দ্র ন্যায়রত্ন। কলিকাতায় ন্যায়রত্ন মহাশয়ের চতুষ্পাঠী ছিল। তিনি কবিবর ঈশ্বরচন্দ্র গুপ্তকে 'সংবাদ প্রভাকর'-সম্পাদনে সহায়তা করিতেন। ঈশ্বরচন্দ্রের ভাষায় "শ্রীযুক্ত হরচন্দ্র ন্যায়রত্ন ভট্টাচার্য্য মহাশয় আমারদিগের সম্প্রদায়ের একজন প্রধান সংযুক্ত বন্ধু" ( ২ বৈশাখ, ১২৫৪ )।

সেকালের প্রথামত দ্বারকানাথ কিছু দিন গুরুমহাশয়ের পাঠশালায় পড়িয়া সংস্কৃত শিক্ষার জন্য চতুষ্পাঠীতে প্রবেশ করেন। ১৮৩২ খ্রীষ্টাব্দের প্রারম্ভে, হরচন্দ্র পুত্রকে কলিকাতা গবর্মেণ্ট সংস্কৃত কলেজে ভর্ত্তি করিয়া দেন। দ্বারকানাথ ১২ বৎসর ৭ মাস সংস্কৃত কলেজে অধ্যয়ন করিয়া, ১৮৪৪ খ্রীষ্টাব্দের জানুয়ারি মাসে কলেজ ত্যাগ করেন। "কলেজের ছাত্রবৃত্তি পরীক্ষায় দ্বারকানাথ পরীক্ষিত ছাত্রগণের মধ্যে প্রথম ও প্রধান বৃত্তি পাইয়া 'বিদ্যাভূষণ' পদবী লাভ করেন।" সংস্কৃত

* 'রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ' পুস্তকে শিবনাথ শাস্ত্রী তদীয় মাতুল দ্বারকানাথের জন্ম-তারিখ—"বৈশাখ মাস, ১৮২০ সাল" বলিয়াছেন। এই তারিখ ঠিক নহে। দ্বারকানাথের মৃত্যুর পর 'সোমপ্রকাশ' তাঁহার যে সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত প্রকাশ করেন, তাহাতে তাঁহার জন্ম-তারিখ "১২২৬ সাল" ( ইং ১৮১৯ ) পাওয়া যায়। প্রকৃত-পক্ষে ১৮১৯ খৃষ্টাব্দের এপ্রিল ( ১২২৬, বৈশাখ ) মাসে দ্বারকানাথের জন্ম হয়। তিনি বিদ্যাসাগর ( জন্ম : সেপ্টেম্বর, ১৮২০ ) অপেক্ষা এক বৎসরের বড় ছিলেন। ৮৪১-৪২ খ্রীষ্টাব্দের শিক্ষা-বিষয়ক সরকারী রিপোর্টে বৃত্তিধারী ছাত্রদের তালিকাশ প্রকাশ, ১৮৪১ খ্রীষ্টাব্দের এপ্রিল মাসে দ্বারকানাথের বয়স ২২, বিদ্যাসাগরের ২১।

হরিনাভি চাঙ্গড়িপোতা ও তন্নিকটবর্ত্তী আরও কয়েকখানি গ্রাম সাউথ সুবার্বন মিউনিসিপালিটীর অধীন ছিল। এতদঞ্চলের অধিবাসিগণ মিউনিসিপালিটীতে যথেষ্ট পরিমাণে ট্যাক্স দিতেন, কিন্তু তাঁহাদের একটি অভাবও মোচিত হইত না। দেশের ভিতর একটিও পাকা রাস্তা ছিল না। এক স্থানেরও বন জঙ্গল কাটা হইত না। বিদ্যাভূষণ তৎকালীন হরিনাভি বিদ্যালয়ের শিক্ষক পণ্ডিত শিবনাথ শাস্ত্রী ও বাবু উমেশচন্দ্র দত্তের সাহায্যে এদেশে একটি স্বতন্ত্র মিউনিসিপালিটী স্থাপন করিবার চেষ্টা করেন। সোমপ্রকাশের জ্বলন্ত ভাষা এবং বিদ্যাভূষণের চেষ্টার গুণে ১৮৭৩ অব্দে রাজপুর মিউনিসিপালিটি নামে এখানে একটি স্বতন্ত্র মিউনিসিপালিটি স্থাপিত হয়। বিদ্যাভূষণ মিউনিসিপালিটির কার্য্যগুলি তন্ন তন্ন করিয়া পর্য্যবেক্ষণ করিতেন এবং সময়ে সময়ে প্রশংসা উৎসাহ তিরস্কার ও ভর্ৎসনা-বাক্যে কমিশনরগণকে তাহাদের কর্ত্তব্য বুঝাইয়া দিতেন। ইহাঁর আর একটি সৎকার্য্য চাঙ্গড়িপোতার স্টেশন সংস্থাপন। দক্ষিণপূর্ব্ব রেলওয়ে ডায়মণ্ডহারবার পর্য্যন্ত বিস্তৃত হইলে বিদ্যাভূষণ হরিনাভি কোদালিয়া ও চাঙ্গড়িপোতার অধিবাসিবর্গের সুবিধার জন্য চাঙ্গড়িপোতায় একটি রেলওয়ে স্টেশন স্থাপিত করিবার জন্য চেষ্টা করেন। তাঁহার ক্রমাগত চেষ্টায় নিকটে সোনারপুর স্টেশন থাকিতেও চাঙ্গড়িপোতায় আর একটি স্টেশন স্থাপিত হইয়াছে। গ্রামবাসীরা দ্বারকানাথকে দুই হস্ত তুলিয়া আশীর্ব্বাদ করিতেছেন।... সমাজসংস্কার ও স্বদেশের শ্রীবৃদ্ধি সাধনকার্য্যে তাঁহার চিরজীবন অতিবাহিত হইয়াছে। ইনি বৈদিক ব্রাহ্মণের কুলপ্রথানুসারে "পেটে পেটে সম্বন্ধ" রহিত করেন। তাঁহার দৃষ্টান্তে বৈদিক সমাজে অনেকেই এখন শিশুসম্বন্ধ বন্ধ করিয়াছেন।"—'সোমপ্রকাশ'।

গিয়াছিলেন, সেইখানেই করাল কাল তাঁহাকে গ্রাস করিয়াছে। গত ৮ই ভাদ্র সোমবারে বেলা দুই প্রহরের সময় তাঁহার মানবলীলা সম্বরণ হইয়াছে। বিদ্যাভূষণ মহাশয়ের ৬৭ বৎসর বয়স হইয়াছিল।

"দ্বারকানাথ বড় দয়ালু প্রকৃতির লোক ছিলেন। প্রকৃত দুরবস্থায় পড়িলে কেহই তাঁহার সাহায্যলাভে বঞ্চিত হইত না। তিনি মিতব্যয়ী পরিশ্রমী অধ্যবসায়শীল দৃঢ়প্রতিজ্ঞ ও সত্যনিষ্ঠ ব্যক্তি ছিলেন। কখনও কেহ তাঁহাকে মিথ্যা কথা কহিতে শুনে নাই। অথবা কোন·বিষয় গোপন করিতে দেখে নাই। তিনি সত্যপ্রিয়তার বড় আদর করিতেন। মিথ্যাবাদীকে দুই চক্ষে দেখিতে পারিতেন না। কপটতা তাঁহার স্বভাবের বিরুদ্ধ ছিল। যাহার উপর তাঁহার মনোভঙ্গ হইত, তিনি তাহার ভয়ানক শত্রু হইয়া দাঁড়াইতেন। মিত্রস্থলে তিনি হৃদয় ঢালিয়া দিয়া ভালবাসিতেন। স্বীয় পরিবার, দাসদাসী ও অধিকাংশ প্রতিবেশি-গণের নিকট ইনি বড়ই প্রিয় ছিলেন। কেহ কখনও তাঁহার উপর বিরক্ত বা অসন্তুষ্ট হন নাই। তেজস্বিতা দ্বারকানাথের গুণরাশির শিরোভূষণ ছিল। তিনি স্বয়ং কখন কাহারও আরাধনা করেন নাই। চাটুকার লোকের উপরও তাঁহার বিষদৃষ্টি ছিল।...ইহাঁর স্বদেশবাৎসল্য এত প্রবল ছিল যে, মৃত্যুশয্যায় শয়ন করিযাও তিনি স্বদেশবাসীর উন্নতির চেষ্টা করিয়াছিলেন।"—'সোমপ্রকাশ'।

# সাহিত্য-কীর্ত্তি

**'সোমপ্রকাশ'**।—দ্বারকানাথ যখন সংস্কৃত কলেজে সাহিত্য-শাস্ত্রের অধ্যাপক, সেই সময় তাঁহার সম্পাদনায় 'সোমপ্রকাশ' প্রকাশিত হয়। ইহার প্রথম সংখ্যার প্রকাশকাল—১৫ নবেম্বর ১৮৫৮

( ১ অগ্রহায়ণ ১২৬৫ ) সোমবার। 'সোমপ্রকাশে'র কণ্ঠে এই শ্লোকটি থাকিত—

প্রবর্ত্ততাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।

'সোমপ্রকাশ' প্রথমে কলিকাতায় ( ১ নং সিদ্ধেশ্বর চন্দ্রের লেন, চাঁপাতলা ) বাঙ্গলা যন্ত্র হইতে প্রকাশিত হইত। এই মুদ্রাযন্ত্রটি দ্বারকানাথকে সহায় করিয়া তাঁহার পিতা হরচন্দ্র ১৮৫৬ সনে প্রতিষ্ঠা করিয়াছিলেন। পরে মাতলা রেল খোলা হইলে মুদ্রাযন্ত্রটি চাংড়িপোতায় স্থানান্তরিত হয়। ১৮৬২ খ্রীষ্টাব্দের এপ্রিল মাস হইতে 'সোমপ্রকাশ' চাংড়িপোতায় মুদ্রিত হইয়া প্রকাশিত হইতে থাকে।

১৮৬৫ খ্রীষ্টাব্দের ২রা জানুয়ারী হইতে কর্ম্মবাহুল্যের দরুন দ্বারকানাথ 'সোমপ্রকাশে'র সম্পাদন-ভার মোহনলাল বিদ্যাবাগীশের হস্তে দিয়া কিছু দিনের জন্য অবসর গ্রহণ করেন।

১৮৭৮ খ্রীষ্টাব্দে ভার্নাকিউলার প্রেস অ্যাক্ট জারি হইল "রাজকোপে পড়িয়া সোমপ্রকাশের এক বর্ষ আয়ু ক্ষয় হইয়া" যায়। পরে ৯ এপ্রিল ১৮৮০ ( ৮ বৈশাখ ১২৮৭ ) তারিখ হইতে "২৩শ ভাগ ১ম সংখ্যা" 'সোমপ্রকাশ' "নব কলেবর ধারণ করিয়া...কলিকাতা মৃজাপুর দপ্তরি-পাড়া কল্পদ্রুম যন্ত্রে মুদ্রিত হইয়া প্রতি সোমবার প্রকাশিত" হয়। ইহার অল্প দিন পরেই 'সোমপ্রকাশ' হস্তান্তরিত হইয়াছিল।

**'কল্পদ্রুম'**।—১২৮৫ সালের ভাদ্র মাস হইতে দ্বারকানাথ 'কল্পদ্রুম' নামে একখানি উচ্চশ্রেণীর মাসিক পত্রিকা প্রকাশ করেন। এই পত্রিকায় 'দেবগণের মর্ত্ত্যে আগমন' ধারাবাহিক ভাবে প্রথমে প্রকাশিত হয়। অপটু স্বাস্থ্য লইয়া দ্বারকানাথ বেশী দিন 'কল্পদ্রুম' পরিচালন করিতে পারেন নাই। পাঁচ বৎসর—১২৯১ সাল পর্য্যন্ত চলিয়া ইহা লুপ্ত হয়।

বেগে আগমন পূর্বক লোকের মনোরঞ্জন করিতেছে, অন্য দিকে অজ্ঞানের পরাক্রমে লোকের অন্তঃকরণ জড়তায় আচ্ছন্ন হইতেছে। এক দিকে মনুষ্যেরা স্বদেশীয় সাধারণ ব্যক্তিদিগকে একাসূত্রে বদ্ধ করিয়া দেশের হিতোন্নাতি করিতে চেষ্টিত হইতেছেন, অন্য দিকে গ্রামবাসীরা দলাদলি দ্বেষাদ্বেষি করত: একতার বিচ্ছেদ পূর্বক দেশের হিতকল্পে অনুরাগশূন্য রহিয়াছেন। এইরূপ পল্লীগ্রামের অবস্থা স্মরণ করিয়া যে দেশহিতৈষী ব্যক্তি ক্ষুব্ধ হইতেছেন, তিনি যদি এই-ক্ষণে আমারদিগের সহিত এই বংশবাটীতে উপবেশন পূর্বক অদ্য স্থাপিত নবীন পাঠশালার শোভা সন্দর্শন করেন, তবে তিনি পূর্ব ক্ষোভকে বিস্মৃত হইয়া আনন্দনীরে অবগাহন করেন এবং ইহার সংস্থাপকদিগকে ধন্যবাদ প্রদান পূর্বক পরমেশ্বরের নিকটে ইহার শুভানুধ্যায়ী হয়েন।

বঙ্গভাষা বিস্তার দ্বারা স্বজাতীয় ধর্ম রক্ষার নিমিত্ত যে এইরূপ পাঠশালা স্থাপন করা কিরূপ প্রয়োজনীয় এবং কি অসংখ্যক মঙ্গল-দায়ক, তাহা কাহার না বিদিত হইতেছে? এইক্ষণে যদিও কলিকাতা নগরস্থ এবং তাহার নিকটস্থ কতিপয় গ্রামবাসী অনেক যুবক ইংরাজী ভাষায় বিদ্যা শিক্ষা করিতেছেন, তথাপি ইহার স্থায়িত্বের প্রতি বিশ্বাস করা যাইতে পারে না, যেহেতু ইংরাজী বিদেশীয় লোকের ভাষা, সুতরাং তাঁহারা যদি দৈবাৎ এদেশ হইতে বিরল হয়েন, তবে কোন্ ব্যক্তি আর ইংরাজী শিক্ষা করিবেক? এবং স্বদেশীয় ভাষায় গ্রন্থ এবং উপদেশকদের অভাব সত্বে কোন্ ব্যক্তি আর জ্ঞান অভ্যাস করিতে শক্ত হইবেক? আমরা আর কোন বিষয়ে আপনাদিগের প্রতি নির্ভর করিতে পারি না। আমরা পরের শাসনের অধীন রহিতেছি, পরের ভাষায় শিক্ষিত হইতেছি, পরের অত্যাচার সহ্য

'তত্ত্ববোধিনী পত্রিকা'র উন্নতির মূলে প্রবন্ধ-নির্বাচনী সভার কথাও স্মরণীয়। ১৮৫৯ খ্রীষ্টাব্দের মে মাসে তত্ত্ববোধিনী সভার সঙ্গে সঙ্গে এই সভাও বিলুপ্ত হয়।

## ব্রাহ্মধর্ম গ্রহণ

তত্ত্ববোধিনী সভার সহিত চারি বৎসর সংশ্লিষ্ট থাকিবার পর অক্ষয়কুমার ২১ ডিসেম্বর ১৮৪৩ তারিখে দেবেন্দ্রনাথ ঠাকুর প্রভৃতির সহিত ব্রাহ্মধর্ম গ্রহণ করেন। এই ব্রত গ্রহণকালে সকলে ব্রাহ্মসমাজ-মন্দিরে আচার্য রামচন্দ্র বিদ্যাবাগীশের বেদীর সম্মুখে প্রতিজ্ঞাবদ্ধ হন যে' তাঁহারা পৌত্তলিকতা পরিত্যাগ করিয়া এক ঈশ্বরের উপাসনায় ব্রতী হইবেন।*

সত্যেন্দ্রনাথ সত্যই লিখিয়াছেন, "অক্ষয়বাবু আমাদের ব্রাহ্মসমাজের জ্ঞানমার্গের প্রহরিরূপে দণ্ডায়মান ছিলেন।" "ব্রাহ্মসমাজের ধর্ম অগ্রে বেদান্তধর্ম ছিল। ব্রাহ্মগণ বেদের অভ্রান্ততাতে বিশ্বাস করিতেন। অক্ষয়কুমার দত্ত মহাশয় এই উভয়ের প্রতিবাদ করিয়া বিচার উপস্থিত করেন। প্রধানতঃ তাঁহারই প্ররোচনাতে মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর উভয় বিষয়ে গভীর চিন্তায় ও শাস্ত্রানুসন্ধানে প্রবৃত্ত হন।...তিনি সহজে স্বীয় অবলম্বিত কোনও মত বা কার্যপ্রণালী পরিবর্তন করিতেন না।...সুতরাং তাঁহাকে বেদান্তধর্ম ও বেদের অভ্রান্ততা হইতে বিচলিত করিতে অক্ষয় বাবুকে বহু প্রয়াস পাইতে হইয়াছিল। ১৮৫০ সালে দেবেন্দ্রনাথ ঠাকুর মহাশয় বহু অনুসন্ধান ও চিন্তার পর অক্ষয় বাবুর অবলম্বিত মত

* 'দেবেন্দ্রনাথ ঠাকুরের স্বরচিত জীবন-চরিত,' পৃ. ৩৬-৭

অক্ষয়কুমার বালি গ্রামে গঙ্গাতীরে প্রায় এক বিঘা জমির উপর উদ্যান-সমেত একটি গৃহ নির্মাণ করেন। উদ্যানটির নাম রাখেন—'শোভনোদ্যান'। বিচিত্র বৃক্ষলতা গুল্ম উদ্যানের শোভা বৃদ্ধি করিয়াছিল। একখানি পত্রে তিনি রাজনারায়ণ বসুকে লেখেন :—"আমার আশ্রম-বৃক্ষগুলি বড়ই ভাল আছে। তাহাদিগকে সতত দেখিয়া ও লালন পালন করিয়া সমধিক সুখী হই।" অক্ষয়কুমার শিরোরোগে কাতর হইলে এই উদ্যানে বিচরণ করিয়া অনেকটা উপশম বোধ করিতেন।

## ধর্মমত পরিবর্তন

অক্ষয়কুমার প্রথমে ব্রাহ্ম ছিলেন বটে, কিন্তু পরে তাঁহার ধর্মমত পরিবর্তিত হইয়াছিল। এই প্রসঙ্গে 'অক্ষয়-চরিতে' ( পৃ. ৩৯-৪০ ) যাহা লিখিত হইয়াছে, তাহা উদ্ধৃত করিতেছি :—

> তিনি প্রথমে ব্রাহ্ম ছিলেন ; কিন্তু প্রার্থনার আবশ্যকতা* স্বীকার করিতেন না। একদা উত্তর-পশ্চিমাঞ্চলে পর্যটন করিয়া যখন পীড়িতাবস্থায় নৌকা করিয়া চুপীর বাটীতে প্রত্যাগমন করেন, তখন তিনি আরোগ্য লাভের জন্য গৃহ-প্রতিষ্ঠিত নারায়ণের নিকট সাষ্টাঙ্গ প্রণাম করেন। কিন্তু পৌত্তলিকও ছিলেন না। তবে কি ছিলেন? তিনি যাহা ছিলেন, তাহার সম্বন্ধে তাঁহার পরম সুহৃৎ বিজ্ঞ শ্রীযুক্ত বাবু রাজনারায়ণ বসু যাহা লিখিয়াছেন, তাহা এস্থলে প্রকাশিত হইল ;—

* এই সমীকরণ দ্বারা তিনি একদা প্রার্থনার অনাবশ্যকতা প্রমাণ করেন :—পরিশ্রম=শস্য ; প্রার্থনা ও পরিশ্রম=শস্য, অতএব প্রার্থনার শক্তি=০।

The Babu long ago abjured his belife in Brahmoism and turned an agnostic. This change in his opinion could be Proved by passagcs in his work on Hindu Sects.

## মৃত্যু

অক্ষয়কুমার ৩১ বৎসর দুরন্ত রোগে ভুগিয়া ২৮ মে ১৮৮৬ ( ১৪ জ্যৈষ্ঠ ১২৯৩, রাত্রি অনুমান ৩-১৫ মিনিট ) তারিখে পরলোক গমন করেন। তাঁহার মৃত্যুতে 'সোমপ্রকাশ' লিখিয়াছিলেন :—

এমনি একটি অমূল্য রত্ন হারাইয়া আমরা সকলেই তাঁহার জন্য কাঁদিতেছি, বঙ্গবাসী মাত্রেই তাঁহার শোকে ম্রিয়মাণ। আমরা প্রস্তাব করি, কলিকাতা সেনেট হাউসে অক্ষয়কুমার দত্তের একটি প্রতিমূর্তি স্থাপন করিবার জন্য দেশের লোক সযত্ন হউন।

## রচনাবলী

অক্ষয়কুমারের রচিত পুস্তকগুলির একটি কালানুক্রমিক তালিকা সঙ্কলন করিয়া দিতেছি :—

১। **অনঙ্গমোহন**। ইং ১৮৩৪ ( ? )

"ন্যূনাধিক চতুর্দশ বৎসর বয়ঃক্রমকালে বাবু অক্ষয়কুমার দত্ত 'অনঙ্গমোহন' নামে একখানি পদ্যময় গ্রন্থ রচনা করেন। ইহা বর্তমান বটতলায় গ্রন্থাবলি হইতে কোনও অংশে উৎকৃষ্ট নহে। ইহা "কামিনী কুমারের" সমতুল্য—তদ্রূপ রুচির পরিচায়ক। গ্রন্থকারের আত্মীয়বর্গের নিকট ইহার একখণ্ড ছিল, সম্প্রতি নষ্ট হইয়াছে।—'অক্ষয়-চরিত,' পৃ. ১৪।

হিতজনক হইতে পারে, তাহাই লিখিত হইয়াছে। এদেশের পরম্পরাগত কুপ্রথা সমুদায় মধ্যে মধ্যে উদাহরণ স্বরূপে উপস্থিত করিয়া তাহার দোষ প্রদর্শন করা গিয়াছে।"—বিজ্ঞাপন, ১ম ভাগ।

এই পুস্তকের দুই খণ্ডেরই শেষে "সঙ্কলিত শব্দ সমুদায়ের ইংরেজি অর্থ" দেওয়া আছে। যাঁহারা পরিভাষা লইয়া আলোচনা করেন, এগুলি তাঁহাদের কাজে লাগিতে পারে। আমরা নিম্নে দুই-চারিটি পারিভাষিক শব্দের উল্লেখ করিতেছি :—

মৈস্মরতত্ত্ব—Mesmerism ; রসায়ন—Chemistry ; শারীরবিধান—Physiology ; শারীরস্থান—Anatomy ; ক্ষিপ্তনিবাস—Lunatic Asylum ; পদার্থবিদ্যা—Natural Philosophy ; মনোবিজ্ঞান—Mental Philosophy ; রূঢ় পদার্থ—Elements ; লোকযাত্রাবিধান—Political Economy ; স্বত্বশবিবেক—Phrenology.

৫। চারুপাঠ।

১ম ভাগ। ৪ শ্রাবণ ১৭৭৫ শক (ইং ১৮৫৩)। পৃ. ১০৪।

২য় ভাগ। শ্রাবণ ১৭৭৬ শক (ইং ১৮৫৪)।

৩য় ভাগ। ২২ আষাঢ় ১৭৮১ শক (ইং ১৮৫৯)।

"এ গ্রন্থ যে নানা ইংরেজি পুস্তক হইতে সঙ্কলিত, ইহা বলা বাহুল্য। যে সকল প্রস্তাব ইহাতে সংগৃহীত হইল, তাহার অধিকাংশ 'তত্ত্ববোধিনী পত্রিকা'তে এবং একটি প্রস্তাব প্রভাকর পত্রে প্রথম প্রকটিত হয়, অবশিষ্ট কয়েকটি বিষয় নূতন রচিত হইয়াছে।"—বিজ্ঞাপন, ১ম ভাগ।

৬। বাষ্পীয় রথারোহীদিগের প্রতি উপদেশ। ইং ১৮৫৫। পৃ. ২০।

বাবু [ মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ] আপনাকে অভয়দান দিয়া গিয়াছেন। আপনি প্রাত:স্নান করিবেন, ফলের জল পান করিবেন, উষা ও সায়ংকালের বায়ু সেবন করিবেন, আর ঘটটিকে একটু একটু চালনা করিবেন। আর নিজে হইতে কোন মতে মাথা ঘোরাইবেন না।

ব্রাহ্মসমাজ।

এখানে [ তত্ত্ববোধিনী ] সভা ও [ ব্রাহ্ম ] সমাজের কার্য পূর্ববৎ চলিতেছে। গ্রন্থাধ্যক্ষেরা সকলেই স্ব স্ব ভাবে অবস্থিতি করিতেছেন। সংপ্রতি শ্রীযুক্ত প্রসন্নকুমার সর্বাধিকারী বাবু এক জন গ্রন্থাধ্যক্ষ হইয়াছেন। সমাজে বিলক্ষণ লোকসমাগম হইয়া থাকে। ব্রাহ্মধর্মের বাঙ্গালা ভাষ্য প্রস্তুত হইতেছে। বড় বাবু তাহার কিঞ্চিৎ আপনার দৃষ্ট্যর্থে পাঠাইয়া দিয়াছেন কি না বলিতে পারিলাম না। এ ভাষ্য বিশিষ্টরূপ উপকারী হইবে তাহার সন্দেহ নাই।···( জুন ১৮৫২ )

তত্ত্ববোধিনী সভার গ্রন্থাধক্ষ্য সভা কোন্ তারিখে উঠিয়া যায়, যদি অনুসন্ধান করিয়া জানিতে পারেন, অনুগ্রহপূর্বক লিখিয়া বাধিত করিবেন। আপনার একটি বক্তৃতা সংক্রান্ত মোকদ্দমাই উহা উঠিয়া যাইবার কারণ। অতএব আপনি সহজে জানিতে পারিবেন বোধ হয়।

মহেন্দ্রনাথ বিদ্যানিধি-লিখিত জীবনীতেও অক্ষয়কুমারের দুই-চার-খানি পত্র মুদ্রিত হইয়াছে।

## অক্ষয়কুমার ও বাংলা-সাহিত্য

বাংলা গদ্য-সাহিত্যের প্রথম যুগে যে দুই জন শিল্পীর সাধনায় বাংলা ভাষা সাহিত্য-রূপ পরিগ্রহ করিয়াছিল, তাঁহাদের এক জন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও অন্য জন অক্ষয়কুমার দত্ত। ঈশ্বরচন্দ্র সংস্কৃত, হিন্দী ও ইংরেজী সাহিত্য-পুস্তককে আদর্শ করিয়া যে-কার্য করিয়াছিলেন,

করা এবং উত্তম পণ্ডিতকর্তৃক সংশোধিত।" ('সমাচার দর্পণ,' ২০ মার্চ ১৮৩০)

শ্রীরামপুর মিশন প্রেস হইতে ১৮০২-৩ খ্রীষ্টাব্দে যে রামায়ণ প্রকাশিত হয়, তাহা প্রচলিত পুথি অনুযায়ী মুদ্রিত হইয়াছিল। জয়গোপাল কর্তৃক সংস্কৃত হইয়া ইহা শ্রীরামপুর মিশন হইতে দ্বিতীয় বার মুদ্রিত হয়। একই কাব্যাংশের আদি রূপ ও সংস্কৃত রূপ দেখিলে জয়গোপালের কৃতিত্ব আমরা কথঞ্চিৎ উপলব্ধি করিতে পারিব। আমরা নিম্নে একই অংশের দুই পাঠ দিলাম:—

(আদি রূপ)

তুই ছার দুরাচারী হরিলে পরের নারী
জীবনে নাহি তোর ভয়
দশরথ মহা রাজা দেব লোকে করে পূজা
শ্রীরাম তাহার তনয়।
যাহার ধনুক টান ত্রিভুবনে কম্পবান
হেন রাম লঙ্কার ভিতর
দেবরাজ করে পূজা হেলে মারে বালি রাজা
তার মনে তোর পাঠান্তর।
সুগ্রীবের বিক্রম যত তাহাবা কহিব কত
সে সকল হইব বিদিত
তোরে এক নাথি মারি কাঁপাইব লঙ্কাপুরী
কি করিবে তোর ইন্দ্রজিত।
শুন রাজা লঙ্কেশ্বর আমার বচন ধর
আমি আইলাম তোমার গোচর

বাসনা করিব না! রাজা ভর্তৃহরি মন্ত্রিরদিগের আপনার অভিপ্রায় জানাইয়া এবং রাজ্য ও সমুদায় সুখভোগ ত্যাগ করিয়া শক নামে ভ্রাতাকে রাজ্য দিয়া আপনি তপোবনে প্রবেশ করিলেন। অনন্তর ভর্তৃহরি সর্বদা যোগাবলম্বন করিয়া ঈশ্বরেতে মনঃসংযোগ করিয়া থাকেন। এক সময়ে রাজ. ঐ তপস্যা হইতে কিঞ্চিৎ কাল নিবৃত্ত হইয়া আপনার এক জীর্ণ বস্ত্র সীবন করিতে অর্থাৎ সেলাই করিতে আরম্ভ করিলেন। সেই সময়ে শ্রীমন্নারায়ণ ভর্তৃহরিকে অবকাশপ্রাপ্ত দেখিয়া এই আজ্ঞা করিলেন যে ভর্তৃহরি তুমি আমার প্রধান ভক্ত এবং অতি প্রিয় পাত্র সম্প্রতি আমি তোমাকে সন্তুষ্ট হইলাম তুমি আমার নিকটে বাঞ্ছিত বর প্রার্থনা করহ। রাজা ভর্তৃহরি পরমেশ্বরকে দর্শন করিয়া আপনাকে চরিতার্থ বোধ করিয়া পরমেশ্বরের চরণে প্রণিপাত পূর্বক এই নিবেদন করিলেন হে জগদীশ্বর আমি সসাগরা পৃথিবী কামনা করি না এবং ইন্দ্রের অমরাবতী ইচ্ছা করি না ও কল্প পর্যন্ত পরমায়ু বাসনা করি না আর কোন সুখাভিলাষ করি না এবং দিব্যাঙ্গনা কামনা করি না আমি নিতান্ত কামনারহিত হইয়াছি আমার বাঞ্ছামাত্র নাই আমাকে বরদান করিলে কি হইবে আপনি ত্রিলোকে কর্তা যদি বরদানোৎসুক হইয়াছেন তবে কোন যাচক ব্যক্তিকে বাঞ্ছিত বর প্রদান করুন। (পৃ. ২৬৮-৭২)

'পুরুষপরীক্ষা'র আরও কতকগুলি সংস্করণ মুদ্রিত হইয়াছিল। ১৮২৬ খ্রীষ্টাব্দে ইহা লণ্ডনে পুনর্মুদ্রিত হয়। ১৩১১ সালে বঙ্গবাসী কার্যালয় 'পুরুষপরীক্ষা'র একটি সংস্করণ প্রকাশ করেন; কিন্তু পুস্তকের আখ্যা-পত্রে ও প্রকাশকের ভূমিকায় গ্রন্থকার-হিসাবে ভ্রমক্রমে মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কারের নাম মুদ্রিত হইয়াছে।

করিতে হইয়াছিল। এই ভুটান-যাত্রার বিবরণ ডঃ সুরেন্দ্রনাথ সেন-সঙ্কলিত 'প্রাচীন বাঙ্গালা পত্র সঙ্কলন' ( ইং ১৯৪২ ) গ্রন্থের কয়েকখানি পত্রে আত্মপ্রকাশ করিয়াছে।

জলপাইগুড়ি হইতে ২৫-২৬ মাইল দূরবর্ত্তী মরাঘাটের সীমানা লইয়া অনেকদিন হইতে ভোটরাজের সহিত কুচবিহার-রাজের বিরোধ চলিতে-ছিল। ভুটিয়ারা মাঝে মাঝে কুচবিহারের সীমান্ত হইতে রাজার প্রজাগণকে ধরিয়া লইয়া যাইত। রংপুরের কলেক্টর-রূপে কার্য্যকালে ডিগবী কুচবিহার সীমান্তে উপস্থিত হইয়া উভয় রাজ্যের প্রতিনিধিগণের সমক্ষে দুই বার—১৮০৯ ও ১৮১১ সনে তদন্ত করিয়া আপোষ-মীমাংসার চেষ্টা করিয়া-ছিলেন। এই সরেজমিনে তদন্তকালে প্রথম বার দেওয়ান রামমোহন রায়, এবং দ্বিতীয় বার দেওয়ান হেমায়েৎ-উল্লা ও রামমোহন তাঁহার সঙ্গে ছিলেন ( 'প্রাচীন বাঙ্গালা পত্র সঙ্কলন,' ভূমিকা, পৃ. ৫৭ ও ১১৬-১৭ নং পত্র )। কিন্তু ডিগবীর বিচারে এই সীমান্ত-বিবাদের শান্তি হইল না। ভুটানের দেবরাজা ও তাঁহার কর্ম্মচারিগণ কলিকাতায় বড়লাটকে ক্রমাগত অনুযোগ করিতে লাগিলেন। শেষে বড়লাটের নির্দ্দেশে রংপুরের তদানীন্তন ম্যাজিষ্ট্রেট ডেভিড স্কট সীমানা সম্বন্ধে আলোচনার জন্ম তাঁহার সেরেস্তার বিশ্বস্ত কর্ম্মচারী কৃষ্ণকান্ত বসুকে ১৮১৫ সনের মধ্যভাগে দূতরূপে ভুটান-দরবারে পাঠাইলেন। কৃষ্ণকান্তের সঙ্গে গিয়া-ছিলেন—রামমোহন রায়।

তাঁহারা গোয়ালপাড়া হইতে বিজনি এবং তথা হইতে সিডলি ও চেরঙ্গের পথে পাচু-মাচু উপত্যকা অতিক্রম করিয়া ভুটানের ( শীতকালের) রাজধানী পুনাখে উপস্থিত হন। ভুটানে প্রবেশাধিকার-পত্র পাইতে বিলম্ব হওয়ায় চেরাঙ্গে তাঁহাদের দুই মাস অপেক্ষা করিতে হইয়াছিল। ১৩ই ভাদ্র দেবরাজা ( ভুটানের অধীশ্বর ধর্ম্মরাজার প্রধান কর্ম্মচারী ) স্কটকে লিখিয়াছিলেন :—"তোমার উকীল চিরাঙ্গ দুয়ারে পহুছিয়াছে

আমার ইথানে মালুম হইয়া তাহাকে আনিতে রাহাদারি পাঠাইয়াছী রাস্তাপথে তন্দারি করিয়া আমার এখানে আনিবেক" ( ১৩৯ নং পত্র )।

ভোটরাজের দাবী-দাওয়া জ্ঞাত হইয়া রামমোহন কর্ত্তৃপক্ষের নির্দ্দেশমত কৃষ্ণকান্তের অগ্রেই ১৮১৫ সনের শেষাশেষি রংপুরে ফিরিয়া আসিয়াছিলেন। ২১এ আশ্বিন তারিখে রংপুরের ম্যাজিষ্ট্রেট স্কটকে লিখিত ভুটানরাজের পত্রে প্রকাশ:—"আপনের ২ আসাড়ের শত্রচিন্য দোরোখা বানাত ৫ পাঁচ জামা ও দুরবিন ১ একটা সহিত আপনের তরফ উকিল শ্রীরামমোহন রাএ ও শ্রীকৃষ্ণকান্ত বসুর মা: পাইয়া বহুত খুসি হইলাও রাএ ও বসু মৌষুফের জবানিতে সমস্ত বিবরণ জ্ঞাতো হইলাও চিন্যের তরফ দুই জন আম্বা মোকাম লাসাতে থাকে তাহারাক এক খত লিখিয়াছেন সে খত লাসাতে রওানা করা গেল তাহারদিগের জওাব আসিলে পশ্চাত পঠান জাবেক আপনের তরফ রাএ ও বসু মশতুর এখানে আরজ করিল জে দুইজনের মধ্য এক জনেক এখাতে রহিতে হুকুম করিয়াছে একজন এখানের সমস্ত বিস্তারিত ওয়াকিফহাল হইয়া আপনের নিকট জাহের করিতে চাহিল এ জর্ণ্যে রাএ মৌষুবেক আমার এথাকার সমস্ত বিবরণ সাক্ষাতকার কহিয়া বলিয়া নিকট পাঠান জাএ রাএ মৌষুফের জবানিতে সমস্ত বিবরণ জ্ঞাতো হবেন...।"
( ১৪০ নং পত্র )

রামমোহনের দৌত্যের আসল উদ্দেশ্য আজিও রহস্যাবৃত রহিয়াছে। ভোটরাজের সহিত সীমানা সম্বন্ধে আলোচনা দৌত্যের গৌণ উদ্দেশ্য হইলেও, মুখ্য উদ্দেশ্য যে রাজনৈতিক তাহা মনে করিবার সঙ্গত কারণ আছে। তখন ইংরেজ সরকারের সহিত নেপালের যুদ্ধ চলিতেছিল। ভোটরাজ নেপালের সহিত যোগ দিবার সঙ্কল্প করিয়াছেন, এ সংবাদ ইংরেজের কানে পৌঁছিয়াছিল (১৩৪-৩৫ নং পত্র)। এ অবস্থায়

গোপনে ভুটান অঞ্চলের রাজনৈতিক অবস্থার সন্ধান লওয়া এবং কৌশলে দেবরাজাকে নিরস্ত করাই রামমোহনের দৌত্যের প্রকৃত উদ্দেশ্য ছিল বলিয়া মনে হয়। ভোটরাজ পূর্ব্বোদ্ধৃত ২১এ আশ্বিনের পত্রের শেষে লিখিতেছেন :—"ক্রোরঞ্চ বিশেষং রায় ও বসু জবানিত জেমত যুনিলাম গোরখার সহীত জে প্রকারে লড়াইর যুদ্ধ ইহাতে মালুম হইলাম হর ২ যুদ্ধতে গোরখা তোমারদিগের পর জুলুম বদিয়ত করিয়াছে জদি এহী লড়াইর বিসয় জদি গোরখা অন্য ২ কোনো প্রকারে আমার এখানে লিখে তবে তাহার কখনো গৌউর হবেক না আপনের সহীত কদিম দুস্তী বহাল থাকিলে গোরোখা কী করিতে পারে।" 'প্রাচীন বাঙ্গালা পত্র সঙ্কলন'-কার লিখিয়াছেন :—"এই সময়ে বাঙ্গালা দেশ হইতে সীমানা সম্বন্ধে আলোচনা করিবার জন্য ভুটানে উকিল পাঠাইবার অনিবার্য্য প্রয়োজন হইয়াছিল বলিয়া মনে হয় না। ভুটান ভ্রমণ তখনকার দিনে নিতান্ত সহজও ছিল না। কৃষ্ণকান্ত ও রামমোহনের পূর্ব্বে মাত্র দুই জন ইংরাজ কর্ম্মচারী—জর্জ্জ বোগল (Bogle) ও কাপ্তেন টার্ণার (Turner)—ভুটানে গিয়াছিলেন। তখনও নেপালে যুদ্ধ শেষ হয় নাই।… সীমান্তের সমস্যা মিটাইবার ছলে ভুটান অঞ্চলের রাজনৈতিক অবস্থার খবর লওয়াই কি এই দৌত্যের প্রকৃত উদ্দেশ্য ছিল? মনে রাখিতে হইবে যে বোগল তাঁহার ভ্রমণ বৃত্তান্ত লিপিবদ্ধ করেন নাই, টার্ণার ও কৃষ্ণকান্ত ভিন্ন ভিন্ন পথে ভুটান গিয়াছিলেন।" (ভূমিকা, পৃ. ৫০)

যাহা হউক, রামমোহনের দৌত্য সাফল্যমণ্ডিত হইয়াছিল; ভোট-রাজা নেপাল-পক্ষে যোগদান করেন নাই। ডিগবীর বিচার ঠিক হয় নাই সাব্যস্ত হওয়ায় ভোটরাজা শেষ-পর্য্যন্ত বিবাদীয় জায়গার দখল লাভ করিয়াছিলেন।

করিতেছিলেন শেষে সতীদ্বেষী হইতে আদেশ হয় তাহাতেই ত্যক্ত হইয়া ত্যাগ করিলেন। ( 'সংবাদপত্রে সেকালের কথা', ২য় খণ্ড পৃ. ১৮৫ )

**গীত রচনা :** সঙ্গীতশাস্ত্রে নীলরত্ন হালদারের রীতিমত অধিকার ছিল। তিনি বহু গান রচনা করিয়া গিয়াছেন। রামমোহন রায়ের 'ব্রহ্মসঙ্গীতে' তাঁহার এই গানটি স্থান পাইয়াছে :—

অহে পথিক শুন, কোথায় কর গান,
নিবাসে নিরাশ হয়ে প্রবাসে কেন ভ্রমণ।
যে দেখ ইন্দ্রিয় গ্রাম এ নহে স্বকীয় গ্রাম
আত্ম তত্ত্ব নিজ ধাম, কর তার অন্বেষণ।
পঞ্চ ভূতময় দেশে, ষড় ভূতের উপদেশে,
ভ্রম কেন অনুদ্দেশে, দেশে দ্বেষ কি কারণ। ১।

**গ্রন্থাবলী :** নীলরত্নের রচিত যে সকল গ্রন্থের সন্ধান পাওয়া গিয়াছে, সে গুলির সংক্ষিপ্ত পরিচয় দিতেছি :—

১। **কবিতা রত্নাকর**। ১৭৪৭ শক ( ইং ১৮২৫ )। পৃ. ৯৬।

১৮৩০ খ্রীষ্টাব্দের শ্রীরামপুর হইতে ইহার ২য় সংস্করণ ( পৃ. ১৬৬ ) প্রকাশিত হয়। ইহাতে মার্শম্যান প্রবাদবাক্যগুলির ইংরেজী অনুবাদও সংযোজন করিয়া দিয়াছেন। দ্বিতীয় সংস্করণের পুস্তকের আখ্যা-পত্র এইরূপ :—

কবিতা রত্নাকর। অর্থাৎ অল্পের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা ও সভ্যতা হওনের জন্য সুগম উপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ভাষা কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দিয়া থাকেন তাহার সম্পূর্ণ শ্লোক মূলগ্রন্থ পুরাণ ও স্মৃতি ও অন্যান্য ধর্ম্মশাস্ত্র ও নীতিশাস্ত্র ও

সম্ভাবনা হয় অতএব এই সংগ্রহ ভিন্নজাতীয় প্রসিদ্ধ বাক্য এবং শাস্ত্রোক্তির তাৎপর্য্য স্বজাতীয় শাস্ত্রোক্তি ও চলিতোক্তির সহিত ঐক্যবাক্যতা ও সমন্বয় করিয়া অর্থাৎ প্রথমতো ইংরাজী ও লাটীন ভাষার বিবিধ পুস্তকান্তর্গত চলিত দৃষ্টান্ত ও নীতিশিক্ষাবিষয়ক গদ্যপদ্য তদীয় বাক্যার্থ ভাবার্থ সাধুভাষায় প্রকাশপূর্ব্বক তত্তদুক্তির তাৎপর্য্য সংস্কৃত মূলের সহিত তুল্য মূল্য করিয়া এবং দ্বিতীয়তো পারস্য ভাষার বহুগ্রন্থোদ্ধৃত অথচ সমাজব্যবহৃত অশেষ বিশেষ গদ্যপদ্য ইংরাজী ও সংস্কৃত প্রমাণের সহিত সমতাপূর্ব্বক তাহার প্রত্যেকের যথার্থ অর্থ সাধু ভাষায় প্রকাশ করিয়া এবং তৃতীয়তঃ আরবীয় ভাষোক্ত বিবিধ দৃষ্টান্ত ও নীতিশিক্ষ্য পারস্য ও ইংরাজী ও সংস্কৃতের সহিত একতাৎপর্য্যক্রমে তত্তদুক্তির স্বস্বভাবার্থ পৃথক২ বর্ণন করিয়া কিঞ্চিৎ সংগ্রহ করিলাম।···অনুষ্ঠান পত্র।"

৬। **দম্পতী শিক্ষা**। ইং ১৮৩৪ ( বাং ১২৪০ )।

এই পুস্তকে "সাংসারিক ব্যবস্থা নানা পুরাণাদি হইতে" সংগৃহীত হইয়াছে। পাদরি লং লিখিয়াছেন: "In 1834 Nil Ratna Haldar Published Dampati Shikha on the duties of husband and wife taken from the Shastras.

৭। **সর্ব্বামোদতরঙ্গিণী**। ১২৫৮ সাল ( ইং ১৮৫১ )।